(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

নং-৪২.০০.০০০০.০৩২.১১.০৩২.২১-৪৫

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ / ৩০ এপ্রিল ২০২৪

নিয়োগপত্র

পানি সম্পদ মন্ত্রণালয়ের ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ৪২.০০.০০০০.০৩২.১১.০১০.২৩-৭৩ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা-২০১৯" অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটির ২৫/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে জাতীয় বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/-(গ্রেড-১৩) বেতনক্রমে "**কম্পিউটার অপারেটর**" পদে নিম্নে উল্লিখিত প্রার্থীকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	প্রার্থীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১.	মো: রাসেল রাব্বি পিতা: মো: গোলাম কবির মাতা: মাহমুদা বেগম	গ্রাম: ছোনবুনিয়া ডাকঘর: দক্ষিণ দাওতলা উপজেলা: বামনা জেলা: বরগুনা।	গ্রাম: ছোনবুনিয়া ডাকঘর: দক্ষিণ দাওতলা উপজেলা: বামনা জেলা: বরগুনা।

শর্তাবলী:

(১) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হলে তাঁকে চাকরিতে স্থায়ীকরণ করা হবে। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর চাকরি অবসান ঘটাতে পারবেন;

(৩) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপ টেস্ট রির্পোট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত হলে বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(৪) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার (SB) এর কার্যালয় প্রেরণ করা হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৫) নিয়োগপ্রাপ্ত কর্মচারি কর্তৃক দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্যক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সনদ, আনসার ও ভিডিপি সনদ, উপজাতি সনদে বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারি কর্তৃক প্রদত্ত কোন তথ্যে গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারির নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে ও তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৬) যোগদানের সময় এ নিয়োগপত্রের মুলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(৭) সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(৮) প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অঙ্গীকারবদ্ধ হলে এ নিয়োগ আদেশ বাতিল হবে;

(৯) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে;

(১০) শিক্ষানবিস সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকরিচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে;

(১১) মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/নাতি-নাতনী, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি কোটায় নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদ যাচাইঅন্তে সঠিক বিবেচিত না হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১২) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;

(১৩) চাকরিতে যোগদানের পূর্বে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের অথবা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(১৪) The Government Servancts (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় পানি সম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(১৫) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(১৬) চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(১৭) এ নিয়োগ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী **১৫ মে ২০২৪** তারিখে যুগ্মসচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবশ্যিকভাবে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগপত্র জারি করা হল।

০৫/০৫/২৪

(সুজিত হাওলাদার)
উপসচিব
ফোন: ৯৫৪০৭০১
ই-মেইল: admin2@mowr.gov.bd

নং-৪২.০০.০০০০.০৩২.১১.০৩২.২১-৪৫(১৪)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১ / ৩০ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, নিরাপত্তা-২, নিয়োগপত্র প্রদর্শনসাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁর, শেরে বাংলানগর, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিয়োগপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, ২য় ১২তলা ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। জনাব মো: রাসেল রাব্বি, পিতা: মো: গোলাম কবির, গ্রাম: ছোনবুনিয়া, ডাকঘর: দক্ষিণ দাওতলা, উপজেলা: বামনা, জেলা: বরগুনা।
১৩। ব্যক্তিগত নথি।
১৪। অফিস কপি।

৩০/০৪/২৪

(সুজিত হাওলাদার)
উপসচিব
ফোন: ৯৫৪০৭০১